

আরও ১৩টি বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় সরকারি হলো

নিজস্ব প্রতিবেদক, ঢাকা

০৯ অক্টোবর ২০১৮, ২১:১৬
আপডেট: ০৯ অক্টোবর ২০১৮, ২১:১৮



শিক্ষা মন্ত্রণালয়

শিক্ষা মন্ত্রণালয়

দেশের আরও ১৩টি বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়কে সরকারি করা হয়েছে। এ বিষয়ে আজ মঙ্গলবার প্রজ্ঞাপন জারি করেছে শিক্ষা মন্ত্রণালয়। এগুলো

নিয়ে এখন দেশে সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের সংখ্যা দাঁড়াল ৬১২টিতে। যেসব উপজেলায় সরকারি মাধ্যমিক বিদ্যালয় ও কলেজ নেই, সেসব উপজেলায় একটি করে মাধ্যমিক বিদ্যালয় ও কলেজকে সরকারি করা হচ্ছে।

সরকারি হওয়া বিদ্যালয়গুলো হলো—রাঙামাটির নানিয়ারাচর মডেল উচ্চবিদ্যালয়, বরকল মডেল উচ্চবিদ্যালয়, খাগড়াছড়ির গুইমারা মডেল হাইস্কুল, বাগেরহাটের মোংলার টি এ ফারুক স্কুল অ্যান্ড কলেজ, রংপুরের কাউনিয়া মোফাজ্জল হোসেন মডেল উচ্চবিদ্যালয়, যশোরের কেশবপুর পাইলট মডেল মাধ্যমিক বিদ্যালয়, বরিশালের হিজলার সংহতি পাইলট মডেল মাধ্যমিক বিদ্যালয়, খুলনার কয়রা মদিনাবাদ মডেল মাধ্যমিক বিদ্যালয়, বটিয়াঘাটার জলমা চকরখালী মাধ্যমিক বিদ্যালয়, শরণখোলার রায়েন্দা পাইলট হাইস্কুল, মাদারীপুরের কালকিনি পাইলট মডেল উচ্চবিদ্যালয়, ফরিদপুরের সালথা মডেল মাধ্যমিক বিদ্যালয় এবং কুমিল্লার মনোহরগঞ্জ উচ্চবিদ্যালয় ও কলেজ।

শিক্ষা মন্ত্রণালয়ের প্রজ্ঞাপনে বলা হয়েছে, সরকারি হওয়া বিদ্যালয়গুলোর শিক্ষকেরা অন্যত্র বদলি হতে পারবেন না।